বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**সুপারভাইজরি পলিসি এন্ড কোঅর্ডিনেশন ডিপার্টমেন্ট**

এসপিসিডি সার্কুলার নং-০৫

তারিখ : ১৫ মার্চ ২০২৬ / ০১ চৈত্র ১৪৩২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

শেয়ারের বিপরীতে লভ্যাংশ ঘোষণার নীতিমালা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১৩ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশের ব্যাংক খাতের সার্বিক পরিস্থিতি, আমানতকারীদের স্বার্থ সুরক্ষা, ব্যাংকসমূহের আর্থিক সক্ষমতা এবং ব্যাংকের শেয়ারে বিনিয়োগকারীদের রিটার্নের বিষয়টি সামগ্রিকভাবে বিবেচনা করে বর্ণিত সার্কুলারের মাধ্যমে ব্যাংকসমূহের শেয়ারের বিপরীতে লভ্যাংশ বিতরণের নীতিমালা জারি করা হয়। সার্কুলারের ০৪ নং অনুচ্ছেদে ব্যাংকসমূহকে লভ্যাংশ ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে সংযোজিত ছক মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এ একটি প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ব্যাংকিং তদারকি কার্যক্রম শক্তিশালী এবং আন্তর্জাতিক মানদণ্ডে উন্নীত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুপারভিশন সংশ্লিষ্ট সকল বিভাগকে পুনর্গঠনপূর্বক রিস্ক বেইজড সুপারভিশন (আরবিএস) বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়, যা আপনাদেরকে ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে জারিকৃত এসপিসিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে অবহিত করা হয়েছে।

০৪। এতদ্‌প্রেক্ষিতে, লভ্যাংশ প্রদানকারী ব্যাংকসমূহকে লভ্যাংশ ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে ০২ নং ক্রমিকে বর্ণিত সার্কুলারের ‘সংযোজনী-ক’ এ প্রদত্ত ছক মোতাবেক ব্যবস্থাপনা পরিচালক/সিইও এর স্বাক্ষরিত একটি প্রতিবেদন সংশ্লিষ্ট ব্যাংক সুপারভিশন ডিপার্টমেন্ট এবং সুপারভাইজরি ডাটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট বরাবর দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৫। ১৩ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এর অন্যান্য নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রশান্ত কুমার মণ্ডল)
পরিচালক (এসপিসিডি) (চলতি দায়িত্বে)
ফোন: ৯৫৩০০৫০